## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## তথ্য অধিদফতর
## বাংলাদেশ সচিবালয়
## ঢাকা

### সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা ৭০/২০১৮-১৯**

**ঢাকা, সোমবার ৮ অক্টোবর ২০১৮, ২৩ আশ্বিন ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতি তিন দিনের সফরে কিশোরগঞ্জ যাচ্ছেন আজ

২। বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের সুবর্ণজয়ন্তী আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৩। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে চিকিৎসকদের অবস্থান করে সেবা নিশ্চিত করতে প্রধানমন্ত্রীর নির্দেশ

৪। ১২ পরিবারকে প্রধানমন্ত্রীর আর্থিক সহায়তা প্রদান

৫। সমৃদ্ধ দেশ গড়তে আগামী পাঁচ বছর গুরুত্বপূর্ণ : অর্থমন্ত্রী

৬। বাংলাদেশ-ব্রাজিল এফটিএ চুক্তি স্বাক্ষরে সম্মত হয়েছে : বাণিজ্যমন্ত্রী

৭। ১১ ফসলে ৮০ কোটি টাকা প্রণোদনা পাবে কৃষক : কৃষিমন্ত্রী

৮। শীঘ্রই সমতলের ক্ষুদ্র নৃগোষ্ঠীর জন্য পৃথক ভূমি কমিশন : সমাজকল্যাণমন্ত্রী

৯। কৃষিবিদদের কল্যাণেই দেশ আজ ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত : শিক্ষামন্ত্রী

১০। অপরাধ করলে মামলা হবে : আইনমন্ত্রী

১১। দেশে প্রায় ১৬ লাখ প্রতিবন্ধী শনাক্ত করা হয়েছে : ত্রাণমন্ত্রী

১২। ওয়েবসাইটে প্রকাশিত মানচিত্র থেকে সেন্টমার্টিন সরিয়ে নিয়েছে মিয়ানমার

১৩। অনূর্ধ্ব-১৮ সাফ নারী ফুটবল টুর্নামেন্টে বাংলাদেশ অপরাজিত চ্যাম্পিয়ন : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

চলমান পাতা-২

**১।	রাষ্ট্রপতি তিন দিনের সফরে কিশোরগঞ্জ যাচ্ছেন আজ**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ তিন দিনের সফরে আজ (৮ অক্টোবর সোমবার) কিশোরগঞ্জ যাচ্ছেন। দ্বিতীয় মেয়াদে রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ার পর নিজ জেলায় এটি হবে তাঁর তৃতীয় সফর। সফরকালে তিনি তাঁকে দেওয়া বিভিন্ন সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দিবেন এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সাথে মতবিনিময় করবেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৪)।

**২।	বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের সুবর্ণজয়ন্তী আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

দক্ষিণাঞ্চলের সর্ববৃহৎ চিকিৎসালয় ও শিক্ষা প্রতিষ্ঠান বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের ৫০ বছর পূর্তি আগামী ২০ নভেম্বর। অর্ধশত বছর পূর্তির সময়কে স্মরণীয় করে রাখতে গতকাল (৭ অক্টোবর রোববার) থেকে আয়োজন করা হয়েছে তিন দিনব্যাপী সুবর্ণজয়ন্তী উৎসবের। এ উপলক্ষে আজ (৮ অক্টোবর সোমবার) ভিডিও কনফারেন্সের মাধ্যমে উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৭)।

**৩।	উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে চিকিৎসকদের অবস্থান করে সেবা নিশ্চিত করতে প্রধানমন্ত্রীর নির্দেশ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রে অবস্থান করে সাধারণ মানুষের সেবা নিশ্চিত করতে চিকিৎসকদের নির্দেশ দিয়েছেন। পাশাপাশি তিনি ঘোষণা দিয়েছেন, আবার নির্বাচিত হয়ে সরকার গঠন করতে পারলে আধুনিক ও সময়োপযোগী চিকিৎসাসেবা নিশ্চিত করতে প্রতি বিভাগে মেডিকেল বিশ্ববিদ্যালয় ও প্রত্যেক জেলায় মেডিকেল কলেজ স্থাপন করা হবে। চিকিৎসকদের উদ্দেশে তিনি বলেছেন, শুধু রাজধানী নয়, সারাদেশের মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে হবে। উপজেলা পর্যায়ে ডাক্তার না থাকলে মানুষ সেবা পাবে কীভাবে। উপজেলা পর্যায়ে চিকিৎসকদের থাকার সমস্যা নিয়েও কথা বলেন তিনি। তাদের আবাসন সমস্যা দূর করতে উপজেলায় বহুতলবিশিষ্ট ফ্ল্যাট নির্মাণের পরিকল্পনার কথাও উল্লেখ করেন প্রধানমন্ত্রী। গতকাল (৭ অক্টোবর রোববার) গণভবনে বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশন (বিএমএ) আয়োজিত চিকিৎসক সম্মেলন-২০১৮ এ প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৮,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৪)।

**৪।	১২ পরিবারকে প্রধানমন্ত্রীর আর্থিক সহায়তা প্রদান**

সাবেক খেলোয়াড়, অভিনেতা, সাহিত্যিক ও বিএনপি-জামায়াত জোটের সহিংসতায় গুরুতর আহত নেতাকর্মীসহ ১২ পরিবারকে আর্থিক সহায়তা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রীর কার্যালয়ে গতকাল (৭ অক্টোবর রোববার) এসব আর্থিক অনুদানের চেক তুলে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**সমকাল** (পৃ.১৭,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** ( শেষ পৃ.,ক.৬), **বাংলাদেশ টুডে** ( শেষ পৃ.,ক.১)।।

**৫।	সমৃদ্ধ দেশ গড়তে আগামী পাঁচ বছর গুরুত্বপূর্ণ : অর্থমন্ত্রী**

টেকসই অর্থনৈতিক উন্নয়ন ও সমৃদ্ধ দেশ হিসেবে গড়ে ওঠার ক্ষেত্রে আগামী পাঁচ বছর বাংলাদেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, এ সরকারকে আরও পাঁচ বছর ক্ষমতায় অধিষ্ঠিত করতে পারলে ১০-১৫ বছরে একটি সমৃদ্ধ দেশ হিসেবে গড়ে ওঠার ক্ষেত্রে কোনো অসুবিধা হবে না। গতকাল (৭ অক্টোবর রোববার) রাজধানীর ফার্মগেটের কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ উদ্‌যাপন উপলক্ষে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) আয়োজিত ‘বিনিয়োগ শিক্ষার গুরুত্ব ও বিনিয়োগকারীদের সুরক্ষা’ শীর্ষক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

**৬।	বাংলাদেশ-ব্রাজিল এফটিএ চুক্তি স্বাক্ষরে সম্মত হয়েছে : বাণিজ্যমন্ত্রী**

দেশের বাণিজ্য বৃদ্ধির জন্য বাংলাদেশ-ব্রাজিল চেম্বার গঠন ও ফ্রি ট্রেড এগ্রিমেন্ট (এফটিএ) স্বাক্ষরে উভয়দেশ একমত হয়েছে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, বাংলাদেশ-ব্রাজিল চেম্বার গঠনের পরে উভয়দেশের ব্যবসায়ীরা বাণিজ্যে উৎসাহিত হবেন, পারস্পরিক যোগাযোগ বৃদ্ধি পাবে। ব্রাজিল বাংলাদেশের তৈরি পোশাকের একটি সম্ভাবনাময় বাজার। কিন্তু অধিক ট্যারিফের কারণে ব্রাজিলে আশানুরূপ রপ্তানি



করতে পারছে না বাংলাদেশ। সেখানে পণ্য রপ্তানি করতে প্রায় ৩৫ শতাংশ হারে ট্যারিফ প্রদান করতে হয়। এফটিএ স্বাক্ষরের মাধ্যমে বাংলাদেশ ব্রাজিলের কাছ থেকে বাণিজ্য সুবিধা পেতে পারে। তখন ব্রাজিলে বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানি বাড়বে। গতকাল (৭ অক্টোবর রোববার) সচিবালয়ে ঢাকায় নিযুক্ত ব্রাজিলের রাষ্ট্রদূত জোয়াত্ত তাবাজারা ডি অরিভেরা জুনিয়রের সঙ্গে মতবিনিময় করে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৫)।

**৭। ১১ ফসলে ৮০ কোটি টাকা প্রণোদনা পাবে কৃষক : কৃষিমন্ত্রী**

সরকার **১১**টি কৃষিপণ্যে ৮০ কোটি টাকার প্রণোদনা ঘোষণা করেছে। এসব টাকা সরাসরি কৃষকের ব্যাংক একাউন্টে অথবা মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে কৃষকের হাতে পৌঁছে যাবে। গতকাল (৭ অক্টোবর রোববার) সচিবালয়ে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী এ তথ্য প্রকাশ করেন। মন্ত্রী বলেন, এ টাকা কৃষি মন্ত্রণালয়ের নিজস্ব বাজেট থেকে সংকুলান করা হবে। অতিরিক্ত অর্থের প্রয়োজন হবে না। গম, ভুট্টা ও সরিষা, চিনাবাদাম, ফেলন, খেসারি, বিটি বেগুন, বোরো, দুই জাতের মুগ ও তিল কৃষিপণ্যে প্রণোদনা দেওয়া হবে। ৬ লাখ ৯০ হাজার ৯৭০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক এ প্রণোদনা পাবে। প্রণোদনা বিতরণে সাংবাদিকদের সহায়তা কামনা করে মন্ত্রী বলেন, এক্ষেত্রে কোনো অনিয়ম হলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। প্রতিটি কৃষক পরিবার সর্বোচ্চ এক বিঘা জমির জন্য বিনামূল্যে বীজ ও সারের বিপরীতে নগদ অর্থ পাবেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৩), **সংবাদ** (শেষ পৃ,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮)।

**৮। শীঘ্রই সমতলের ক্ষুদ্র নৃগোষ্ঠীর জন্য পৃথক ভূমি কমিশন : সমাজকল্যাণমন্ত্রী**

সামাজিক নিরাপত্তা বেষ্টনীর মাধ্যমে দেশের পিছিয়ে থাকা জনগোষ্ঠীকে এগিয়ে নেওয়ার জন্য সরকার নিরলস কাজ করে যাচ্ছে বলে জানিয়েছেন সমাজকল্যাণমন্ত্রী রাশেদ খান মেনন। তিনি বলেন, উন্নয়নের মূলধারায় প্রান্তিক জনগোষ্ঠীর অংশগ্রহণের মাত্রা বাড়াতে হবে। তাদের সঙ্গে নিয়েই দেশের শতভাগ উন্নয়ন ঘটানো সম্ভব। গতকাল (৭ অক্টোবর রোববার) রাজধানীর সিরডাপ ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টারে সামাজিক নিরাপত্তা কর্মসূচির বর্তমান প্রেক্ষাপট এবং সমতলের ক্ষুদ্র নৃগোষ্ঠীর জন্য করণীয় বিষয়ে সুপারিশ বিষয়ক বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৪,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.২,ক.৬)।

**৯। কৃষিবিদদের কল্যাণেই দেশ আজ ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কৃষিবিদদের কল্যাণেই দেশ আজ ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত। যুগের সঙ্গে সঙ্গতিপূর্ণ বিশ্বমানের শিক্ষায় ছাত্রছাত্রীদের গড়ে তুলতে হবে। গতকাল (৭ অক্টোবর রোববার) সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষক সমিতির অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকারের সময় শিক্ষাক্ষেত্রে আমূল পরিবর্তন সাধিত হয়েছে। উচ্চশিক্ষা ও গবেষণা ক্ষেত্রে বর্তমান সরকারের সহযোগিতা অব্যাহত রয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৪,ক.৬)।

**১০। অপরাধ করলে মামলা হবে : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, আইনে যেসব অপরাধের কথা বলা হয়েছে তা যদি কেউ সংঘটন করেন তাহলে মামলা হবে। আর এখন যেসব মামলা হয়েছে সেগুলোর তদন্ত হবে। তদন্ত শেষে যদি কোনো অভিযোগ প্রমাণিত না হয়, তাহলে চূড়ান্ত প্রতিবেদনের মাধ্যমে তার সমাপ্তি ঘটবে। আর তদন্তে যদি কারো বিরুদ্ধে অপরাধ পাওয়া যায় তাহলে তাকে আদালতে দাঁড়াতে হবে। গতকাল (৭ অক্টোবর রোববার) বিচার প্রশাসন ও প্রশিক্ষণ ইনস্টিটিউটে মুক্তিযুদ্ধকর্নার উদ্বোধন ও ভবন সম্প্রসারণ কাজ পরিদর্শনশেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **সমকাল** (পৃ.৪,ক.৩)।

**১১। দেশে প্রায় ১৬ লাখ প্রতিবন্ধী শনাক্ত করা হয়েছে : ত্রাণমন্ত্রী**

সারাদেশে এ পর্যন্ত ১৫ লাখ ৯৩ হাজার ৭০ জন প্রতিবন্ধী ব্যক্তি শনাক্ত করা হয়েছে। এর মধ্যে ঘূর্ণিঝড়প্রবণ ১৯টি জেলায় ৪ লাখ ৩৩ হাজার প্রতিবন্ধী ব্যক্তিকে নিবন্ধন করা হয়েছে। এ কার্যক্রম চলমান আছে বলে জানিয়েছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া। গতকাল (৭ অক্টোবর রোববার) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে প্রতিবন্ধিতাবান্ধব দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক জাতীয় টাস্কফোর্সের ৩য় সভায় এ তথ্য জানান তিনি। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

=৪=

**১২। ওয়েবসাইটে প্রকাশিত মানচিত্র থেকে সেন্টমার্টিন সরিয়ে নিয়েছে মিয়ানমার**

ওয়েবসাইটে প্রকাশিত মানচিত্র থেকে সেন্টমার্টিন দ্বীপ সরিয়ে ফেলেছে মিয়ানমার। পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে। গতকাল (৭ অক্টোবর রোববার) সংসদ ভবনে অনুষ্ঠিত পররাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির বৈঠকেও বিষয়টি জানানো হয়েছে। গত ৫ অক্টোবর শুক্রবার মিয়ানমারের একটি রাষ্ট্রীয় ওয়েবসাইটে প্রকাশিত মানচিত্রে বাংলাদেশের সমুদ্রসীমায় অন্তর্ভুক্ত সেন্টমার্টিন দ্বীপকে মিয়ানমারের অংশ হিসেবে দেখানো হয়। পরেরদিন শনিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে মিয়ানমারের রাষ্ট্রদূত লুইন ও'কে তলব করে বাংলাদেশের পক্ষ থেকে কড়া প্রতিবাদ জানানো হয়। অতিদ্রুত মানচিত্র সংশোধন করে তা বাংলাদেশকে জানাতে বলা হয়। পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্র জানায়, গতকাল (৭ অক্টোবর রোববার) মানচিত্র সংশোধন করে সেন্টমার্টিনকে মিয়ানমারের অংশ থেকে বাদ দেওয়ার কথা পররাষ্ট্র মন্ত্রণালয়কে জানানো হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬)।

**১৩। অনূর্ধ্ব-১৮ সাফ নারী ফুটবল টুর্নামেন্টে বাংলাদেশ অপরাজিত চ্যাম্পিয়ন : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন**

ভুটানে সাফ অনূর্ধ্ব-১৮ নারী ফুটবল চ্যাম্পিয়নশিপের প্রথম আসরেই দেশকে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব এনে দিয়েছে বাংলাদেশ নারী ফুটবল দল। গতকাল (৭ অক্টোবর রোববার) টুর্নামেন্টের ফাইনালে বাংলাদেশের নারী ফুটবল দল ১-০ গোলে নেপালকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে। বাংলাদেশকে সোনালী ট্রফি এনে দেওয়া একমাত্র গোলটি করেছেন মাসুরা পারভিন। অনূর্ধ্ব-১৮ সাফের এ আসরে বাংলাদেশ একটি খেলায়ও হারেনি। যুব সাফে এটা বাংলাদেশের ইতিহাস। অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ায় অনূর্ধ্ব-১৮ নারী ফুটবল দলকে অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৮,ক.৭)।

**সম্পাদকীয়**

ক. **জনকণ্ঠ** : দেশের সাড়ে চার লাখ বস্তিবাসীর নিরাপদ পানি ও পয়:নিষ্কাশন সুবিধার জন্য সরকার নতুন প্রকল্প হাতে নিয়েছে উল্লেখ করে তা দ্রুত বাস্তবায়নের প্রত্যাশা।

খ. **ইত্তেফাক** : রংপুরে আর বেইলি ব্রিজ থাকছে না সরকারের এ সিদ্ধান্তে সন্তোষ প্রকাশ করে দেশের ঝুঁকিপূর্ণ বেইলি ব্রিজগুলো অপসারণ করে স্থায়ীভাবে নির্মাণের ওপর গুরুত্বারোপ।

গ. **সমকাল, ইনকিলাব, যায়যায়দিন, অবজারভার, নিউজ টুডে, ডেইলি সান** : মিয়ানমার বাংলাদেশের সেন্টমার্টিন দ্বীপকে তাদের ভূ-খণ্ডের অংশ হিসেবে দাবি করাকে চরম ঔদ্ধত্যপূর্ণ উল্লেখ করে জাতিসংঘসহ আন্তর্জাতিক সম্প্রদায় যাতে এ বিষয়ে নিন্দা-প্রতিবাদ করে সেজন্য কূটনৈতিক প্রচেষ্টা চালানোর সুপারিশ।

ঘ. **যায়যায়দিন** : দেশে ইন্টারনেট ব্যাংকিং সেবায় গ্রাহক টানতে ব্যর্থ হচ্ছে সরকারি-বেসরকারি ব্যাংকগুলো এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে ইন্টারনেট ব্যাংকিংয়ে জনগণের আস্থা তৈরি করতে সংশ্লিষ্টদের উদ্যোগী হওয়ার আহ্বান।

ঙ. **প্রথম আলো** : বাংলাদেশের নদ-নদীগুলোর জন্য নাব্যতা সংকট এক বিরাট সমস্যায় পরিণত হয়েছে উল্লেখ করে নাব্যতা সংকট দূর করতে নদ-নদীগুলো নিয়মিত ও পরিকল্পিতভাবে খনন করার ওপর গুরুত্বারোপ।

চ. **নিউ এজ** : রাজধানীতে বায়ুদূষণ জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি হয়ে দেখা দিচ্ছে উল্লেখ করে এ অবস্থা নিরসনে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি সান** : পরিবেশবান্ধব পাটপণ্যের বহুমুখী ব্যবহারে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

**উপসম্পাদকীয়**

**মানবকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে পরিণত করতে হলে দেশে জ্ঞান-বিজ্ঞান, তথ্য-প্রযুক্তি ও ভাষাগতভাবে দক্ষ মানবসম্পদ তৈরি করতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'সুখী ও সফল জীবনের সরল সমীকরণ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, আমাদের সবারই উচিত সন্তান-সন্ততি এবং সমাজের সবাইকে সুখ এবং সফলতার মূলমন্ত্রে দীক্ষিত করা, তাহলেই সমাজ থেকে দূর হবে দুর্নীতি, হতাশা, আত্মকেন্দ্রিকতা ও স্বার্থপরতা।

\#

ডালিয়া/শুকলা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা